# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(সাধারণ ও সংস্থাপন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর: ১০/২০২৬

তারিখঃ ০৮ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের গত ১৯/০৫/২০২৬ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৬) প্রেক্ষিতে **'প্রটোকল অফিসার'** পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রাথমিক বাছাই (MCQ) পরীক্ষা নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে;

| পরীক্ষার তারিখ ও বার | সময় | পরীক্ষার কেন্দ্র |
|---|---|---|
| ২৯/০৮/২০২৬ খ্রি.<br>শনিবার | সকাল-১১:০০ ঘটিকা<br>হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত | এনেক্স ভবন<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। |

**পরীক্ষা সম্পর্কিত নির্দেশনা ঃ**

১. প্রাথমিক বাছাই পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বল-পয়েন্ট কলম দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।

২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীকে http://supremecourt.teletalk.com.bd লিংক হতে ইতোমধ্যে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করে রঙিন প্রিন্ট দিয়ে সঙ্গে আনতে হবে।

৩. **পরীক্ষার কেন্দ্রে বই, ব্যাগ, মোবাইল ফোন, হাতঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস বা যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কোনো পরীক্ষার্থী উল্লিখিত জিনিসপত্র সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৪. নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রের সংশ্লিষ্ট কক্ষে উপস্থিত থাকতে হবে।

৫. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। হালনাগাদ তথ্যের জন্য মোবাইল ফোনের মেসেজ এবং সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৬. বিস্তারিত আসন বিন্যাস পরীক্ষার দিন সকাল ৯:০০ ঘটিকায় কেন্দ্রের প্রধান ফটকে দেওয়া হবে।

৭. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বা/-
(মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব)
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
হাইকোর্ট বিভাগ
ও
সভাপতি
'প্রটোকল অফিসার' পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

স্মারক নং- 9৪60 জি,এস, তারিখঃ ২৩/০৮/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার (বিচার) হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা।

৩। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। অতিরিক্ত রেজিস্ট্রার......................(সকল)/হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৭। সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৯। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ, রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (প্রাথমিক বাছাই (MCQ) পরীক্ষার সময়সূচি সংক্রান্ত উপরোক্ত নোটিশটি http://supremecourt.teletalk.com.bd এ প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস পাঠানো ও প্রবেশপত্র ইস্যুকরণের অনুরোধসহ)।
১০। কোর্ট কীপার..............................................(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ডে প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো)।

23.08.26

(খোকন হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার (প্রটোকল)
হাইকোর্ট বিভাগ
ও
সদস্য
'প্রটোকল অফিসার' পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।